

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

الطلاق الثلاث في مجلس واحد يعتبر طلاقاً واحداً أم ثلاثاً ؟

الجواب : الطلاق الثلاث بكلمة واحدة يعتبر طلقة واحدة في أصح قولي العلماء ؛ لما ثبت في صحيح مسلم عن ابن عباس - رضي الله عنهما - قال : (كان الطلاق على عهد النبي - صلى الله عليه وسلم - وعهد أبي بكر وسنتين من خلافة عمر - رضي الله عنهما - طلاق الثلاث واحدة) فقال عمر - رضي الله عنه - : (إن الناس قد استعجلوا في أمر كانت لهم فيه أناة فلو أمضيها عليهم) فأمضاه عليهم ، فيتضح من هذا أن إمضاهها كان باجتهاد عمر - رضي الله عنه - والأخذ بالسنة الصحيحة أولى من الاجتهاد من عمر وغيره وأرفق بالأمة وأنفع لها ، ويؤيد ذلك ما رواه الإمام أحمد بن حنبل في المسند بسند جيد عن ابن عباس أن ركانة طلق امرأته ثلاثاً فحزن عليها فردها عليه النبي - صلى الله عليه وسلم - وقال : « إنها واحدة » . مجموع فتاوى ابن باز (٣٠) جزء ١ (٢١ / ٢٧٤)

وقد اختار هذا القول شيخ الإسلام ابن تيمية ، وتلميذه العلامة ابن القيم رحمهما الله ، وهو الذي نفتي به من نحو ثلاثين سنة لظهور دليله ، ولما في ذلك من المصلحة العامة للمسلمين ، وحل مشكلات عائلية كثيرة ، والله سبحانه ولي التوفيق ، مجموع فتاوى ابن باز (٣٠) جزء ١ (٢١ / ٢٦٢)

এক মজলিসে তিন তালাক এক তালাক গণ্য হবে, নাকি তিন তালাক?

উত্তর : উলামাগণের দু'টি উক্তির মধ্যে সবচেয়ে সঠিক উক্তি অনুসারে এক কথায় 'তিন তালাক' এক তালাকই গণ্য হবে। যেহেতু সহীহ মুসলিমে ইবনে আক্বাস رضي الله عنه থেকে বর্ণিত আছে যে, নবী ﷺ-এর যুগে, আবু বাকর رضي الله عنه-এর যুগে এবং উমার رضي الله عنه-এর খিলাফাতের (প্রথম) দুই বছর 'তিন তালাক' এক তালাক ছিল। অতঃপর উমার رضي الله عنه বললেন, 'লোকেরা এমন বিষয়ে তাড়াছড়া করেছে, যাতে তাদের জন্য বিবেচনা করার সুযোগ ছিল। সুতরাং যদি আমরা তা তাদের জন্য বহাল করে দিই।' বলা বাছল্য, তিনি তা বহাল করে দিলেন। (সহীহ মুসলিম ৩৭৪৬নং)

এ থেকে স্পষ্ট হয় যে, এক সাথে তিন তালাক বহাল করার ব্যাপারটা উমার رضي الله عنه-এর ইজতিহাদ (ব্যক্তিগত রায়) ছিল। আর সহীহ সুন্নাহ অনুযায়ী আমল করা ইজতিহাদ অনুযায়ী আমল করা অপেক্ষা উত্তম, চাহে তা উমারের হোক বা অন্য কারো। পরন্তু তা উম্মাহর জন্য অধিক সহজ ও উপকারী।

এ কথার সমর্থন করে ইবনে আক্বাস رضي الله عنه-এর হাদীস, যা ইমাম আহমাদ বিন হাম্বল উত্তম সূত্রে 'মুসনাদ' গ্রন্থে বর্ণনা করেছেন, রুকনাহ তাঁর স্ত্রীকে (এক সাথে) তিন তালাক দিয়ে তার ওপর শোকাহত হলেন। নবী ﷺ তাকে তাঁর কাছে ফিরিয়ে দিলেন এবং বললেন, "তা একটাই।" (মুসনাদে আহমাদ ২৩৮৭, আবু য্যা'লা ২৫০০, বাইহাক্বী ১৫৩৮২নং, মাজমু ফাতাওয়া ইবনে বায ২/১৩৭৪)

এই উক্তি গ্রহণ করেছেন শায়খুল ইসলাম ইবনে তাইমিয়াহ এবং তাঁর ছাত্র আল্লামা ইবনুল কাইয়্যাম (রাহিমাহুল্লাহ)। এই ফতোয়াই আমি ৩০ বছর থেকে দিয়ে আসছি। যেহেতু এর দলীল স্পষ্ট। আর যেহেতু এতে মুসলিমদের জন্য রয়েছে ব্যাপক কল্যাণ এবং বহু দাম্পত্য সমস্যার সমাধান। মহান আল্লাহই তাওফীকের মালিক। মাজমু ফাতাওয়া ইবনে বায ২/১২৬২)

ফতোয়া প্রধান মুফতী সউদী আরব, শায়খ আব্দুল আযীয বিন আব্দুল্লাহ বিন বায (রাহিমাহুল্লাহ)
অনুবাদক : আব্দুল হামীদ মাদানী, ইসলামিক দাওয়াত সেন্টার, আল-মাজমাআহ, সউদী আরব

